

## সম্পাদকীয়:

বাংলাদেশে করোনাভাইরাসের প্রাদুর্ভাবের পর থেকেই সারাদেশে বিভিন্ন ধরনের কার্যক্রম পরিচালনা করছে সুজন-এর নেতাকর্মীরা। তাঁদের এই উদ্যোগগুলোর কথা আমরা ধারাবাহিকভাবে প্রকাশ করছি আমাদের ই-নিউজ লেটারে। ষোড়শ সংখ্যাটিও সাজানো হয়েছে তেমনি কিছু উদ্যোগের কথা নিয়ে।

## করোনা সংকটে কর্মহীন মানুষের পাশে কিশোরগঞ্জের সুজন



কিছুদিন পূর্বেও যারা স্বচ্ছন্দে স্বাভাবিক জীবনযাপন করতো, করোনাভাইরাসের প্রাদুর্ভাবে তাঁদের অনেকেই আজ কর্মহীন হয়ে সঙ্কটাপন্ন অবস্থায় পড়েছে। এই মানুষগুলোকে খুঁজে বের করে সুজন-কিশোরগঞ্জ জেলা কমিটি তাদের পাশে দাড়াচ্ছে। গত ২৪ এপ্রিল ২০২০, শুক্রবার, সুজন-কিশোরগঞ্জ জেলা কমিটির সহ-সভাপতি জনাব ফিরোজ ভূঁইয়ার নেতৃত্বে কিশোরগঞ্জ সদর উপজেলার মহিনন্দ ইউনিয়নের ১২১টি পরিবারসহ পুরো উপজেলার মোট ৫০০টি পরিবারে একটি পিক-আপ নিয়ে বাড়ি বাড়ি গিয়ে খাদ্যসামগ্রী পৌঁছে দেওয়া হয়। এই কাজে আরো অংশ নেন সাংগঠনিক সম্পাদক জনাব ফারুকুজ্জামান, কোষাধ্যক্ষ পলাশ কান্তি পাল, নির্বাহী সদস্য সাংবাদিক শফিক কবীর ও আমিন সাদী। খাদ্যসামগ্রীর মধ্যে ছিল ৬ কেজি চাল, ২ কেজি আটা, ১ কেজি ডাল, ১ কেজি সুজি, কিছু বিস্কুট ও আধা লিটার তেল। উল্লেখ্য, স্থানীয়ভাবে সংগৃহীত অর্থসহ 'নিরাপদ সড়ক চাই'-এর আর্থিক সহযোগিতায় এই কার্যক্রম পরিচালিত হয়।

## বালকাঠিতে মাইক্রোবাস ও প্রাইভেট কার চালকদের সহায়তায় সুজন



পবিত্র ঈদ উদযাপনের জন্য কর্মহীন মাইক্রোবাস ও প্রাইভেট কার

চালকসহ ২৫টি শ্রমজীবী পরিবারে খাদ্যসামগ্রী বিতরণ করেছে সুজন-বালকাঠি জেলা কমিটি। গত ১৪ মে ২০২০, বৃহস্পতিবার, বালকাঠি প্রেস ক্লাবে এক অনুষ্ঠানের মধ্য দিয়ে এই খাদ্যসামগ্রী বিতরণ করা হয়। সুজন-বালকাঠি জেলা কমিটির সভাপতি জনাব ইলিয়াস সিকদার ফরহাদের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক মঈন তালুকদারের সঞ্চালনায় অনুষ্ঠিত বিতরণ অনুষ্ঠানে বাংলাদেশ আওয়ামী লীগ, বালকাঠি জেলা কমিটির সাধারণ সম্পাদক এডভোকেট খান সাইফুল্লাহ পনির প্রধান অতিথি হিসেবে এবং বালকাঠি প্রেসক্লাবের সভাপতি চিত্তরঞ্জন গুহ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটিতে আরও উপস্থিত ছিলেন সুজন-বালকাঠি জেলা কমিটির সহ-সভাপতি ডালিয়া নাসরিন, যুগ্ম সাধারণ সম্পাদক প্রশান্ত দাস হরি, সাংগঠনিক সম্পাদক নাছিম কামাল, বালকাঠি উপজেলা কমিটির সভাপতি জনাব জাহাঙ্গীর হোসেন, সাধারণ সম্পাদক জনাব হাবিবুর রহমান, পৌর কমিটির সভাপতি জনাব আনিছুর রহমান পলাশ, সাধারণ সম্পাদক এডভোকেট আক্বাস সিকদার, যুগ্ম সাধারণ সম্পাদক মুশফিকুর রহমান বাবু, সোনিয়া আখতার, সুকমল ওঝা দোলন, দীপু লাল দাস প্রমুখ।

বিতরণকৃত খাদ্যসামগ্রীর মধ্যে ছিল চিনিগুড়া চাল-২ কেজি, চিনি-২ কেজি, তেল-২ লিটার, আলু-২ কেজি, আটা-১ কেজি, মুসুর ডাল-১ কেজি, ছোলা-১ কেজি, লবন-১ কেজি, সেমাই-২ প্যাকেট ও ডানো দুধ-২ প্যাকেট (২০০ গ্রাম)। সাথে ছিল ১টি লাইফবয় সাবান ও ১টি বল সাবান। স্থানীয় সুজন নেতৃবৃন্দের নিজস্ব অর্থায়নে এই কার্যক্রম পরিচালিত হয়। উল্লেখ্য, ইতোপূর্বে বালকাঠিতে একাধিকবার খাদ্যসামগ্রী বিতরণসহ বিভিন্ন ধরনের কর্মসূচি হাতে নেয়া হয়েছিল।

## বাডডায় সুজন- নেত্রী শেফালী আকন্দের উদ্যোগ

সুজন-বাডডা থানা কমিটির নেত্রী; ঢাকা মহানগর কমিটির তথ্য, প্রযুক্তি ও সামাজিক বিষয়ক সম্পাদক ও আজীবন সদস্য জনাব শেফালী আকন্দের উদ্যোগে অন্যান্য সুজন-নেতৃবৃন্দসহ গত ৬ মে ২০২০-এ ৬০টি দরিদ্র পরিবারের মাঝে পরিবারপ্রতি ৫ কেজি চাল, ২ কেজি আলু, ১ কেজি ডাল, আধা লিটার সয়াবিন তেল ও ১টি সাবান বিতরণ করা হয়। এছাড়াও শেফালী আকন্দের উদ্যোগে প্রতিদিন ৫০ জনকে অসহায় মানুষকে রান্না করা খাবার বিতরণ করা হচ্ছে।

